অবিলম্বে প্রকাশের জন্য: 12/24/2025 **গভর্নর ক্যাথি হোকল**

নিউ ইয়র্কের শিক্ষকদের সম্মানজ্ঞাপন: গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেটের বিশ্বমানের শিক্ষা ব্যবস্থার প্রতিনিধিত্ব করার জন্য বাছাই করা STEM শিক্ষকদের নাম ঘোষণা করেছেন

মাস্টার টিচার প্রোগ্রামের মাধ্যমে পরবর্তী প্রজন্মের শিক্ষকদের অনুপ্রাণিত করার জন্য 175 জনেরও বেশি অসাধারণ STEM শিক্ষক-নেতা নির্বাচন করা হয়েছে; নতুন শুরু হওয়া মাস্টার কাউন্সেলর প্রোগ্রামে 27 জন কাউন্সেলর নিযুক্ত করা হয়েছে

নিউ ইয়র্ক স্টেটের শিক্ষক কর্মীবল বৃদ্ধির জন্য গভর্নর হোকল এর ব্যাপক কৌশলের অংশ

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ নিউ ইয়র্ক স্টেট মাস্টার টিচার প্রোগ্রামের (Master Teacher Program) জন্য 177 জন STEM (Science, Technology, Engineering, and Mathematics) শিক্ষক এবং মাস্টার কাউন্সেলর প্রোগ্রামের প্রথম শাখার অংশ হিসেবে 27 জন কাউন্সেলর নির্বাচনের মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটের শিক্ষকদের সম্মানজ্ঞাপন করেছেন। মাস্টার শিক্ষক এবং মাস্টার কাউন্সেলররা তাদের পেশায় নেতা এবং শিক্ষার্থী এবং প্রাথমিক ক্যারিয়ারের শিক্ষক এবং কাউন্সেলরদের জন্য মেন্টর হিসেবে কাজ করেন।

“শিক্ষকরা কেবল শিক্ষাদানই করেন না, সেইসাথে তাদের শিক্ষার প্রতিটি পর্যায়ে যত্ন নেওয়ার মাধ্যমে পরবর্তী প্রজন্মকে একটি সফল ভবিষ্যতের জন্য প্রস্তুত করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন,” **গভর্নর Hochul (হোকল) বলেন।** “যারা প্রতিদিন নিউ ইয়র্ক স্টেটের শিক্ষার্থীদের উপর প্রভাব ফেলছেন সেই সমস্ত ব্যতিক্রমী শিক্ষক এবং কাউন্সেলরদের সম্মান জানাতে পেরে আমি গর্বিত। নিউ ইয়র্কের শিশুদের জন্য আমাদের শিক্ষকদের আত্মোৎসর্গের জন্য আমরা কৃতজ্ঞ।"

গভর্নর Hochul (হোকল) আরও নিউ ইয়র্কবাসীকে শিক্ষকতা পেশায় যোগদানের জন্য অনুপ্রাণিত করার জন্য কর্মসূচি শুরু করেছেন। পরবর্তী প্রজন্মের শিক্ষাগত নেতাদের অনুপ্রাণিত করার জন্য আগ্রহী, 1,700 জনেরও বেশি পাবলিক-স্কুল শিক্ষকের একটি পেশাদার নেটওয়ার্ককে অন্তর্ভুক্ত করা, নিউ ইয়র্ক স্টেট মাস্টার টিচার প্রোগ্রাম ছাড়াও, গভর্নর Hochul (হোকল) এর যুগান্তকারী SUNY রিকনেক্ট প্রোগ্রাম (SUNY Reconnect program)উদ্দেশ্যমূলকভাবে অভাবগ্রস্ত এলাকায় শিক্ষাদানকে একটি উচ্চ-চাহিদার অঞ্চল হিসাবে মনোনীত করে।

ইউনিভার্সিটির ফ্যাকাল্টি এবং বিদ্যমান শিক্ষক প্রস্তুতি প্রোগ্রামগুলির দক্ষতা কাজে লাগানোর জন্য নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি (State University of New York, SUNY) নয়টি ক্যাম্পাসে মাস্টার টিচার প্রোগ্রামটি আয়োজিত হয় এবং SUNY-এর সহযোগীরা স্থানীয় STEM ক্যারিয়ার এবং শিল্প বিশেষজ্ঞদের সাথে নিয়মিত সহযোগিতা করেন।

SUNY চ্যান্সেলর John B. King Jr. (জন বি. কিং জুনিয়র) বলেন, "শিক্ষক এবং কাউন্সেলররা শিক্ষার্থীদের তাদের শিক্ষামূলক সফরে নেতৃত্ব দেওয়ার একটি অপরিহার্য অংশ এবং SUNY পরবর্তী প্রজন্মের শিক্ষকদের জন্য নিউ ইয়র্ক স্টেটের বৃহত্তম প্রস্তুতকারী হতে পেরে গর্বিত। নিউ ইয়র্কের মাস্টার শিক্ষকদের শ্রেষ্ঠত্বকে স্বীকৃতি দেওয়ার জন্য এবং মাস্টার কাউন্সেলর স্বীকৃতি চালু করার জন্য গভর্নর Hochul (হোকল) কে ধন্যবাদ। এই প্রচেষ্টা স্টেটের সকল শিক্ষক এবং কাউন্সেলরদের, শিক্ষার্থীদের কলেজ এবং ক্যারিয়ারের লক্ষ্য অর্জনে সহায়তা করার গুরুত্ব তুলে ধরতে সাহায্য করে।"

SUNY বোর্ড অফ ট্রাস্টিজ বলেছে, "নিউ ইয়র্কের শিক্ষক এবং কাউন্সেলরদের অব্যাহত সমর্থনের জন্য গভর্নর Hochul (হোকল) কে ধন্যবাদ। শিক্ষার্থীদের সাফল্যের পথে পরিচালিত করার জন্য উচ্চাকাঙ্ক্ষী শিক্ষকদের উপযুক্ত করে তুলতে, SUNY যে প্রোগ্রাম এবং ইন্টার্নশিপগুলি পরিচালনা করে তার জন্য তারা গর্বিত। নিউ ইয়র্ক স্টেটের শিক্ষকরা অন্যতম সেরা এবং আমরা আরও বেশি সংখ্যক নিউ ইয়র্কবাসীকে তাদের পদে যোগদান নিশ্চিত করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ।"

মাস্টার টিচার প্রোগ্রামের নতুন সদস্যরা 151টি স্কুল ডিস্ট্রিক্টের প্রতিনিধিত্ব করেন যাদের ফ্যাকাল্টিদের মধ্যে একজন মাস্টার টিচার বা মাস্টার কাউন্সেলর রয়েছেন, যার মধ্যে 48 জন প্রোগ্রাম সদস্য বাফেলো, বিংহ্যামটন, মাউন্ট ভার্নন, রচেস্টার, শেনেকটাডি, সিরাকিউজ, ইউটিকা, ইয়ঙ্কার্স এবং কাউন্সেলরদের জন্য, নিউ ইয়র্ক সিটি স্কুল ডিস্ট্রিক্ট সহ উচ্চ-চাহিদার ডিস্ট্রিক্ট থেকে এসেছেন।

মাস্টার টিচাররা কিন্ডারগার্টেন থেকে উচ্চ বিদ্যালয় (K-12) পর্যন্ত শিক্ষার্থীদের বিজ্ঞান, প্রযুক্তি, কম্পিউটার বিজ্ঞান, রোবোটিক্স, কোডিং, ইঞ্জিনিয়ারিং, গণিত, সমন্বিত STEM এবং কৃষি শিক্ষার ক্ষেত্রে সহায়তা করেন। অনেক নতুন মাস্টার টিচার এবং মাস্টার কাউন্সেলর সদস্য তাদের স্থানীয় স্কুল ডিস্ট্রিক্ট এবং কমিউনিটি সংগঠন দ্বারা শিক্ষার্থীদের সাথে তাদের কাজের জন্য স্বীকৃতি পেয়েছেন।

নতুন সদস্যদের মধ্যে 60 শতাংশের বেশি 10 বছরের বেশি সময় ধরে শিক্ষকতা করছেন এবং 50 শতাংশের বেশি 15 বা তার বেশি বছর ধরে শিক্ষকতা করছেন। নতুন মাস্টার শিক্ষকদের দলে রয়েছেন 25 শতাংশ প্রাথমিক স্তরের শিক্ষক, 50 জন একাধিক শিক্ষাদানের সনদপ্রাপ্ত শিক্ষক, 28 জন বিশেষ শিক্ষায় সনদপ্রাপ্ত শিক্ষক, চারজন শিক্ষক যাদের অন্য ভাষায় কথা বলা শিক্ষার্থীদের ইংরেজি শেখানো (Teaching English to Speakers of Other Languages, TESOL) সার্টিফিকেট অথবা দ্বিভাষিক শিক্ষার প্রসার (Bilingual Education Extension) আছে এবং দুজন শিক্ষক যাদের কৃষি শিক্ষার সার্টিফিকেশন (Agricultural Education Certification) আছে।

মাস্টার কাউন্সেলরদের প্রারম্ভিক শাখাটি তাদের পেশাদার অ্যাসোসিয়েশনের সক্রিয় সদস্য যারা নেতৃত্বের ভূমিকা পালন করেন এবং সাফল্যের একটি পথের নকশা করার জন্য শিক্ষার্থীকে সহায়তা করতে তারা প্রায়শই স্থানীয় শিল্পখাতের সাথে জড়িত হন। অর্ধেকেরও বেশি মাস্টার কাউন্সেলর দশ বছরেরও বেশি সময় ধরে কাউন্সেলিং ভূমিকায় রয়েছেন।

কাউন্সেলররা জেলা-স্তরের এবং স্টেট-স্তরের বিভিন্ন ভূমিকা পালন করেন এবং সর্বোত্তম অনুশীলনগুলি বিকাশ এবং ভাগ করে নেওয়ার জন্য নিবেদিত অভিজ্ঞ নেতা হিসাবে এই প্রোগ্রামে যোগদান করেন। 50 শতাংশেরও বেশি মাস্টার কাউন্সেলরের অতিরিক্ত সার্টিফিকেট বা NYS প্রশিক্ষণ রয়েছে, যার মধ্যে রয়েছে প্রতিবন্ধী পরিষেবা এবং জাতীয় বোর্ড (Disability Services and National Board)।

প্রত্যেক অঞ্চল থেকে নির্বাচিত শিক্ষক ও কাউন্সেলরের মোট সংখ্যা, এবং সংশ্লিষ্ট অংশীদার SUNY ক্যাম্পাস হলো:

- **ক্যাপিটাল রিজিওন:** 236 জন মাস্টার শিক্ষক এবং পাঁচজন মাস্টার কাউন্সেলর (অ্যালবান-এ দ্যা স্টেট ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্ক)
- **সেন্ট্রাল নিউ ইয়র্ক:** 225 জন মাস্টার শিক্ষক এবং পাঁচ জন মাস্টার কাউন্সেলর (SUNY কর্টল্যান্ড)
- **ফিঙ্গার লেকস:** 256 জন মাস্টার শিক্ষক এবং ছয় জন মাস্টার কাউন্সেলর (SUNY জেনেসো)
- **লং আইল্যান্ড:** 234 জন মাস্টার শিক্ষক এবং আট জন মাস্টার কাউন্সেলর (স্টোনি ব্রুকের নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি)
- **মিড-হাডসন:** 227 জন মাস্টার শিক্ষক এবং এগারো জন মাস্টার কাউন্সেলর (SUNY নিউ পাল্টজ)
- **মোহক ভ্যালি:** 157 জন মাস্টার শিক্ষক এবং সাত জন মাস্টার কাউন্সেলর (SUNY ওনেয়ন্টা)
- **নর্থ কান্ট্রি:** 133 জন মাস্টার শিক্ষক এবং নয় জন মাস্টার কাউন্সেলর (SUNY প্ল্যাটসবার্গ)
- **সাউদার্ন টিয়ার:** 271 জন মাস্টার শিক্ষক এবং নয় জন মাস্টার কাউন্সেলর (বিংহ্যামটনের নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি)
- **ওয়েস্টার্ন নিউ ইয়র্ক:** 265 জন মাস্টার শিক্ষক এবং নয় জন মাস্টার কাউন্সেলর (SUNY বাফেলো স্টেট ইউনিভার্সিটি)
- **নিউ ইয়র্ক সিটি:** 160 জন মাস্টার শিক্ষক (ম্যাথ ফর আমেরিকার সাথে অংশীদারিত্বে) এবং নয় জন মাস্টার কাউন্সেলর (নিউ ইয়র্ক স্টেট প্রোগ্রামে)

কর্মসূচিতে তাদের সম্পূর্ণ চার বছরের অংশগ্রহণের সময় মাস্টার শিক্ষক এবং মাস্টার কাউন্সেলরগণ বার্ষিক 15,000 মার্কিন ডলার স্টাইপেন্ড পাবেন; তারা সম্পূর্ণ শিক্ষাবর্ষে পিয়ার মেন্টরিং এবং নিবিড় বিষয়ভিত্তিক পেশাদারি বিকাশ সুযোগে জড়িত হবেন; প্রাক সেবা এবং ক্যারিয়ারের শুরুতে থাকা শিক্ষক ও কাউন্সেলরদের সাথে নিবিড়ভাবে কাজ করবেন যাতে করে পরবর্তী প্রজন্মের STEM শিক্ষক এবং কাউন্সেলরদের জন্য একটি সমর্থক পরিবেশ তৈরি করা

যায়; এবং প্রতি বছর পেশাদারি বিকাশের অধিবেশনে অংশগ্রহণ করা ও এর নেতৃত্ব দেওয়ার জন্য আবশ্যিক আঞ্চলিক বৈঠকসমূহে উপস্থিত থাকবেন।

মাস্টার টিচার প্রোগ্রাম সম্পর্কে আরও জানতে, ভিজিট করুন: www.suny.edu/masterteacher।

স্টেট সিনেটর Toby Ann Stavisky (টবি অ্যান স্ট্যাভিস্কি) বলেন, "নিউ ইয়র্কের এখন আগের চেয়েও বেশি শিক্ষক এবং কাউন্সেলরদের প্রয়োজন এবং একজন শিক্ষক ধারাবাহিকভাবে কতটা মানসিক বোঝা, দায়িত্ব গ্রহণ করে বা প্রভাব ফেলে এই প্রোগ্রামটি তাকে স্বীকৃতি দেয়। তারা হলেন শিক্ষক, কাউন্সেলর, নেতা এবং সমস্যা সমাধানকারী, যারা শ্রেণীকক্ষে শিক্ষার্থীদের সহায়তা করেন এবং তরুণদের কলেজ, ক্যারিয়ার এবং জীবন পরিচালনা করতে সহায়তা করেন। এই পেশাকে শক্তিশালী করার জন্য এবং নিউ ইয়র্কবাসীদের পরবর্তী প্রজন্মের প্রাপ্য সমর্থন নিশ্চিত করার জন্য আমি গভর্নর Hochul (হোকল) এবং SUNY-কে ধন্যবাদ জানাই।"

অ্যাসেম্বলিমেম্বার Alicia L. Hyndman (অ্যালিসিয়া এল. হাইন্ডম্যান) বলেন, "নিউ ইয়র্কের শিক্ষা ব্যবস্থা একটি বাস্তুতন্ত্র এবং আমাদের SUNY ক্যাম্পাস এবং আমাদের K-12 শ্রেণীকক্ষের মধ্যে সংযোগ হল সেই ব্যবস্থার প্রাণভোমরা। উচ্চশিক্ষা কমিটির সভাপতি হিসেবে, আমি 'মাস্টার টিচার' মডেলে বিনিয়োগের জন্য গভর্নর Hochul (হোকল) এবং চ্যান্সেলর King (কিং) কে সাধুবাদ জানাই। এই অভিজ্ঞ শিক্ষকদের পরবর্তী প্রজন্মকে পরামর্শ দেওয়ার জন্য সক্ষম করে তুলে, আমরা কেবল প্রতিভা ধরে রাখছি না; আমরা নিশ্চিত করছি যে বাফেলো থেকে দক্ষিণ-পূর্ব কুইন্স পর্যন্ত প্রতিটি শিক্ষার্থীর ভবিষ্যতের অর্থনীতিতে প্রতিযোগিতা করার জন্য প্রয়োজনীয় বিশ্বমানের STEM নির্দেশনার অ্যাক্সেস রয়েছে।"

নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি সম্পর্কে
SUNY হলো যুক্তরাষ্ট্রে উচ্চশিক্ষার বৃহত্তম বিস্তৃত ব্যবস্থা এবং সমস্ত নিউ ইয়র্কবাসীর 95 শতাংশেরও বেশি SUNY-র 64টি কলেজ এবং ইউনিভার্সিটির যেকোনো একটির 30 মাইলের মধ্যে বাস করে। পুরো ব্যবস্থাজুড়ে SUNY এর চারটি অ্যাকাডেমিক হেলথ সেন্টার, পাঁচটি হাসপাতাল, চারটি মেডিকেল স্কুল, দুইটি ডেন্টাল স্কুল, একটি ল স্কুল, স্টেটের একমাত্র অপটোমেট্রি কলেজ রয়েছে এবং এটি একটি মার্কিন এনার্জি জাতীয় গবেষণাগার বিভাগের (US Department of Energy National Laboratory) ব্যবস্থাপনা করে। সামগ্রিকভাবে, SUNY এর ক্রেডিট ও ক্রেডিটহীন কোর্স, কর্মসূচি, ধারাবাহিক শিক্ষা, এবং সম্প্রদায়ের আউটরিচ কর্মসূচির সম্পূর্ণ পোর্টফোলিওতে প্রায় 1.4 মিলিয়ন শিক্ষার্থীর জন্য কাজ করে। SUNY নিউ ইয়র্কের প্রায় এক-চতুর্থাংশ অধ্যয়ন বিষয়ক গবেষণার তত্ত্বাবধান করে। 2024 অর্থবছরে পুরো সিস্টেমে রিসার্চের জন্য প্রায় 1.16 বিলিয়ন মার্কিন ডলার খরচ হয়েছে, যার মধ্যে স্টুডেন্ট এবং ফ্যাকাল্টির উল্লেখজনক অবদান আছে। বিশ্বব্যাপী তিন মিলিয়ন SUNY এর প্রাক্তন শিক্ষার্থী রয়েছেন এবং কলেজের ডিগ্রীসহ তিনজন নিউ ইয়র্কবাসীর মধ্যে একজন হলেন SUNY এর প্রাক্তন শিক্ষার্থী। কিভাবে SUNY সুযোগ সৃষ্টি করে সে সম্পর্কে আরো জানতে, www.suny.edu-এ যান।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন